

AC/AY  
১০/১০/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বিধি অধিশাখা  
www.cabinet.gov.bd

তারিখ: ১০.১০.১৯  
সচিব এর দপ্তর  
অতিঃ সচিব (প্রশাসন)  
অতিঃ সচিব (উন্নয়ন)  
অতিঃ সচিব (জনস্বাস্থ্য ও শিক্ষাসহ)  
অতিঃ সচিব (স্বাস্থ্যসেবা)  
অতিঃ সচিব (মোট)  
অতিঃ সচিব (প্রশাসনিক ব্যবস্থাপনা ও অতিঃ)  
অতিঃ সচিব (নির্দেশ ও মিত্রতা/ইফারী)  
অতিঃ সচিব (উষ্ম প্রশাসন ও আইন)  
অতিঃ সচিব (অন্যান্য)  
১৭ কার্তিক ১৪২৬  
২৩ অক্টোবর ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.৩৫.০০৩.১৫.৮৫

পরিপত্র

বিষয়: মন্ত্রণালয়/ বিভাগে ব্যবহৃত সরকারের বিভিন্ন পদনাম ও পদবিসমূহের বিধি বহির্ভূত ব্যবহার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬)-এর আলোকে প্রণীত Rules of Business, 1996, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এবং অন্যান্য বিধি দ্বারা সরকারের বিভিন্ন পদনাম ও পদবি সংজ্ঞায়িত। সরকারের সিনিয়র সচিব/সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব ও সহকারী সচিব পদসমূহে ক্যাডার কর্মকর্তাগণের নিয়োগ ও পদোন্নতি 'সরকারের উপ-সচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২' দ্বারা নিয়ন্ত্রিত।

২। সরকারের পদনামসমূহ বিধি বহির্ভূতভাবে বিভিন্ন আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা/সংগঠন, অধঃস্তন অফিস ও সংযুক্ত দপ্তরসমূহ এবং বেসরকারি অফিসসমূহে ব্যবহৃত হচ্ছে। উপরিলিখিত বিধিমালা দ্বারা নিয়োগ বা পদোন্নতি প্রাপ্ত নন এমন ব্যক্তি কর্তৃক সরকারের পদনামসমূহ অননুমোদিত ব্যবহারের ফলে জনমনে বিভ্রান্তির সৃষ্টি হয়। বিধি বহির্ভূতভাবে বা আংশিক পরিবর্তন করে উল্লিখিত সরকারি পদনামসমূহের ব্যবহার নৈতিকতা-পরিপত্রী এবং 'দস্তবিধি-১৮৬০' ও 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

৩। বর্গিত প্রেক্ষাপটে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) মন্ত্রণালয়/ বিভাগের অধঃস্তন অফিসের পদনাম ও পদবি সূত্রের ক্ষেত্রে সরকারি পদনাম ও পদবি সহকারী সচিব, উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব, সচিব ও সিনিয়র সচিব যেন ব্যবহৃত না হয় এবং ইতিপূর্বে অনুমোদিত সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান ড্রুট/ বিভ্রান্তি নিরসনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (খ) সরকারের মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর ও অধঃস্তন অফিসে কর্মরত কর্মকর্তাগণকে স্ব স্ব সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত পদনাম ও পদবি পূর্ণাঙ্গ ও সঠিকভাবে তাদের দাপ্তরিক সিলমোহর, নেমকার্ড, নেমপ্লেট, নথি এবং ওয়েবসাইটে ব্যবহার করতে হবে;
- (গ) রাষ্ট্রীয়/জাতীয় অনুষ্ঠানসমূহে প্রযোজ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) রক্ষিত কর্মকর্তাগণের তালিকা অনুসরণ করা যেতে পারে।

১০.১০.১৯  
১০২৫  
১১/১০  
১১/১০  
১১/১০

১০.১০.১৯  
(শফিউল আজিম)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৭৪৫৩৭  
ইমেইল: js\_rs@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-১৬৬-৪

তারিখ: ১৩ নভেম্বর, ২০১৯ খ্রি.  
১৮ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/উষ্ম প্রশাসন অধিদপ্তর/নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিখিল, ঢাকা।
- ৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এক টিসি, মহাখালী, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১২। লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(শাহিনা খাতুন)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৭৭৯৮৫  
admin1@hsd.gov.bd